গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
নেজারত শাখা
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০১০.০১.০০১.২০-৪৪৩

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৭ বঃ
০৭ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-১১-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১১.১৬-২৪৮ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ এর অধীনস্থ সাধারণ প্রশাসনে ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | শুন্যপদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | অফিস সহায়ক | ০৬(ছয়)টি | ৮২৫০-২০০১০- | কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

শর্তাবলী

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২. প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রাধিকার প্রাপ্তদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।' বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য নয়।
০৩. জেলা প্রশাসক, ঝিনাইদহ বরাবরে ৩১-১২-২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে। ডাকযোগে প্রেরিত আবেদন পত্র অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
০৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, ঝিনাইদহ বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম www.mopa.gov.bd অথবা জেলা তথ্য বাতায়ন www.jhenaidah.gov.bd এর নোটিশ বোর্ড হতে ডাউনলোড করা যাবে। এছাড়া, ঝিনাইদহ জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।
০৫. আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর অনুকূলে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ১০০/-(একশত) টাকার ট্রেজারী চালানের কপি (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।
০৬. মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদ থাকতে হবে।
০৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
০৮. লিখিত/মৌখিক পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থী বাছাই করা হবে এবং নিয়োগ হবে অস্থায়ী ভিত্তিতে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
০৯. প্রবেশপত্র পাওয়ার সুবিধার্থে আবেদনের সঙ্গে ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত নিজ ঠিকানা সম্বলিত(যে ঠিকানায় প্রবেশপত্র পেতে চান) কমপক্ষে ৯"-৪" সাইজের খাম জমা দিতে হবে।
১০. নিয়োগ সংক্রান্ত আবেদনপত্র গ্রহণ/বাতিল, পরীক্ষা গ্রহণ, পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তন/বাতিল-এর ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
১১. সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।
১২. উপরে বর্ণিত শর্তাবলীতে চাহিত আবেদনপত্র, ছবি, ট্রেজারী চালানের মুল কপি এবং নিজ ঠিকানা সম্বলিত খাম ব্যতীত অন্য কোন কাগজপত্র প্রেরণ করার প্রয়োজন নেই। পরীক্ষার্থীদের সুবিধার্থে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র গ্রহণ করে যাচাই করা হবে।
১৩. কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থির অযোগ্যতা বলে বিবেচিত হবে।
১৪. অধিকতর ছাড়পত্র প্রাপ্তির প্রেক্ষিতে নিয়োগের সংখ্যা বেশি হতে পারে।

৭/১২/২০২০

সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ঝিনাইদহ।
☎: ০৪৫১-৬২৩০১
dcjhenaidah@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০১০.০১.০০১.২০-৪৪৩/১(১৫০)

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৭ বঃ
০৭ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ- অতিরিক্ত সচিব, উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার ২৬-১১-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১১.১৬-২৪৮ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে)।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, খুলনা ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

১. জেলা প্রশাসক,..............................................(সকল)।
২. পুলিশ সুপার, ঝিনাইদহ।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ।
৪. সিভিল সার্জন, ঝিনাইদহ।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ।
৭. অধ্যক্ষ, . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
৮. মেয়র, . . . . . . . . . . . . . . . . . . . . . . পৌরসভা (সকল), ঝিনাইদহ।
৯. উপজেলা নির্বাহী অফিসার, . . . . . . . . . . . . . . . . . . . . . . (সকল), ঝিনাইদহ।
১০. সহকারী কমিশনার (ভূমি), ..................................(সকল), ঝিনাইদহ ।
১১. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ। এ নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েব সাইটে প্রদর্শনের জন্য বলা হলো।
১২. জেলা হিসাব রক্ষণ অফিসার, ঝিনাইদহ।
১৩. জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ। তাকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪. (ক) সম্পাদক, দৈনিক অবজার্ভার, আজিজ ভবন ২য় তলা,৯৩ মতিঝিল, ঢাকা।
(খ) সম্পাদক, দৈনিক সমকাল, ১৩৬ তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা।
(গ) সম্পাদক, দৈনিক নবচিত্র, ঝিনাইদহ।
বিজ্ঞপ্তিটি আগামী ১০-১২-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে (চার কলামে ৯ ইঞ্চি) ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তির ০৩(তিন) কপিসহ বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৫. নোটিশ বোর্ড, অত্র অফিস।

৭/১২/২০২০
জেলা প্রশাসক
ঝিনাইদহ।